# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | ঢাকা | 10 April, 2025

ফেসবুকে ভাইরাল আলোচিত শারমিন শিলা ওরফে ক্রিম আপা'র বিরুদ্ধে আশুলিয়া থানায় মামলা দায়ের হয়েছে।তার বিরুদ্ধে সামাজিক যোগাযোগমাধ্যমে ভিউ পেতে বা অনলাইনে টাকা আয়ের জন্য নিজের সন্তানকে ক্যামেরার সামনে এনে নানাভাবে নিষ্ঠুর আচরণ করার অভিযোগ আনা হয়েছে।বুধবার (৯ এপ্রিল) রাত পৌনে ১১টার দিকে আশুলিয়া থানায় শিশু আইন- ২০১৩ অনুসারে মামলাটি দায়ের করেন সাভার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কাজী ইসরাত জামান।

মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে, সাভার উপজেলার আশুলিয়া থানা এলাকায় বসবাসকারী শারমিন শিলা ওরফে ক্রিম আপা পেশায় একজন বিউটিশিয়ান।সামাজিক যোগাযোগমাধ্যমে তিনি ক্রিম আপা নামে পরিচিত।তিনি মেকআপের জন্য কাজ করাসহ বিভিন্ন ধরনের ক্রিম তৈরি করে বিক্রি করেন।তিনি নিজের ছেলে ও মেয়েকে নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকসহ অনলাইনে বিভিন্ন ধরনের ভিডিও তৈরি করে পোস্ট দেন।গত ৩০ মার্চ নিজের ফেসবুক আইডিতে বিকেল চারটার দিকে একটি ভিডিও পোস্ট করেন, যা ভাইরাল হয়।ওই ভিডিওতে দেখা যায়, শারমিন শিলা তার মেয়ে শিশুকে (আনুমানিক দুই বছর) জোর করে এক হাতে দিয়ে মুখে চাপ দিয়ে হাঁ করিয়ে মেয়ের অসম্মতিতে কেকজাতীয় কিছু খেতে বাধ্য করছেন।তিনি ভাইরাল হওয়ার জন্য এক বছর ধরে দুই শিশু সন্তানের প্রতি মাতৃসুলভ আচরণ না করে শিশুদের আঘাত, উৎপীড়ন, অবহেলাসহ তাদের প্রতি নিষ্ঠুর আচরণ করছেন।এ ধরনের আচরণের কারণে শিশুরা শারীরিক ও মানসিকভাবে বিকারগ্রস্ত হয়ে পড়েছে।

আশুলিয়া থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) মো. কামাল হোসেন বলেন, শিশু আইনের ৭০ ধারায় শারমিন শিলার বিরুদ্ধে মামলা হয়েছে।তার বিরুদ্ধে শিশুকে আঘাত, উৎপীড়ন ও অশালীনভাবে প্রদর্শন করার অভিযোগ করা হয়েছে।আসামিকে আইনের আওতায় আনার চেষ্টা চলছে।

সম্প্রতি শারমিন শিলা ভিউ পেতে বা অনলাইনে টাকা আয়ের জন্য নিজের সন্তানকে ক্যামেরার সামনে এনে নানাভাবে নির্যাতন করছেন বলে অভিযোগ ওঠে।গত রবিবার 'একাই এক শ' নামের শিশুদের সুরক্ষায় সামাজিক আন্দোলনের পক্ষে সাদাত রহমানসহ অন্যরা ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ে ক্রিম আপার বিরুদ্ধে স্মারকলিপি জমা দেন।জেলা প্রশাসকের কার্যালয় থেকে তিন দিনের মধ্যে কার্যকর ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেওয়া হয়।স্মারকলিপির অনুলিপি মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা এবং সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর দেওয়া হয়।

তবে কয়েক দিন ধরে শারমিন শিলা ফেসবুকে লাইভে এসে দাবি করেছেন, তিনি তার সন্তানদের কখনোই নির্যাতন করেননি।নির্যাতন করলে তো ক্যামেরার সামনে করতেন না।অন্যরা হিংসা করে এ ধরনের অভিযোগ দিচ্ছেন।তিনি সন্তানদের নিয়ে ভালো আছেন, ছেলেকে দিয়ে বানানো এমন ভিডিও শেয়ার করেছেন।পরে ওই ভিডিও তিনি ডিলিট বা মুছেও ফেলেছেন।

আশুলিয়ার বাইপাইল এলাকায় 'ক্রিম আপা বিউটি পারলার' নামে শারমিন শিলার একটি বিউটি পার্লার আছে।তিনি ভিডিওতে কীভাবে ক্রিম ব্যবহার করতে হবে, তা জানান।এর বাইরে কী রান্না করছেন, কী খাচ্ছেন এসব নিয়ে ভিডিও করেন।

ভাইরাল ক্রিম আপা মামলা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 04:16

URL: https://timestodaybd.com/dhaka/590108164